গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(সাধারণ শাখা)
www.kurigram.gov.bd

## নভেম্বর-২০২৩ মাসের জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ সাইদুল আরীফ
জেলা প্রশাসক, কুড়িগ্রাম

সভার তারিখ : ২৬ নভেম্বর ২০২৩
সভার সময় : বেলা ২.৩০ ঘটিকা
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)।

সভাপতি সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভার আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | ব্র্যাক, কুড়িগ্রাম এর কার্যক্রম নিয়ে আলোচনা | সভায় ব্র্যাক কর্তৃক পরিচালিত সামাজিক ক্ষমতায়ন ও আইনি সুরক্ষা কর্মসূচির উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করা হয়। উপস্থাপনায় সহিংসতার শিকার নারী ও শিশুদের সরকারি ও বেসরকারি সেবা সংক্রান্ত বিষয়ে তথ্যের অভিগম্যতা বৃদ্ধির উদ্দেশ্যে গৃহীত কর্মসূচি হতে প্রস্তুতকৃত সংযোগ ওয়েবসাইট (https://sonjog.brac.net) এর উদ্দেশ্য ও ব্যবহার সম্পর্কে আলোচনা করা হয়। উক্ত ওয়েবসাইটটি প্রত্যক্ষ ও পরোক্ষভাবে নির্যাতনের শিকার নারী ও শিশুদের তথ্য সহায়তা দেওয়ার জন্য একটি সমন্বিত তথ্য ভান্ডার হিসেবে কাজ করে। উপস্থাপনায় জানানো হয় বাংলাদেশের ৬১টি জেলায় জরিপ করে ওয়েবসাইটটি তৈরি করা হয়েছে এবং বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান যারা সহিংসতার শিকার জনগোষ্ঠিকে বিভিন্ন ধরণের সেবা দিয়ে থাকে তাদের সেবার ধরণ, সেবা প্রদানকারীর মোবাইল নম্বর ও ঠিকানা সম্বলিত তথ্য ওয়েবসাইটটিতে সংরক্ষণ করা হয়। কোন প্রতিষ্ঠানসংক্রান্ত তথ্য উক্ত ওয়েবসাইটে না থাকলে নির্দিষ্ট ফরম পূরণের মাধ্যমে অন্তর্ভুক্তির সুযোগ রয়েছে। উপস্থাপনায় আরো জানানো হয় ব্র্যাক কর্তৃক পরিচালিত সোশ্যাল মোবিলাইজেশন কার্যক্রমের আওতায় কুড়িগ্রাম জেলার ৯টি উপজেলার ৩৫টি ইউনিয়নের ৯০টি গ্রামে ১৩ থেকে ১৭ বছর বয়সী ২২৫০ জন কিশোরীকে ২৪ মাসব্যাপি জীবন দক্ষতামূলক প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। এছাড়া প্যারেন্টস মিটিং, ওয়াচগ্রুপ মিটিং, ইউনিয়ন ও উপজেলা বাল্য বিবাহ নিরোধ কমিটির সাথে সমন্বয়ের মাধ্যমে বাল্য বিবাহ প্রতিরোধ কার্যক্রম চলমান আছে। | সংশ্লিষ্ট এনজিও কর্তৃপক্ষ |
| ০২ | উপজেলা পর্যায়ে এনজিও বিষয়ক সমন্বয় সভা আয়োজন করা | সকল উপজেলায় প্রতি মাসে উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় সভা আয়োজন করতে হবে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারগণ তাদের এলাকায় কার্যক্রম পরিচালনাকারী এনজিওসমূহের তালিকা সংরক্ষণ করবেন এবং এনজিওসমূহ মাসিক সভায় তাদের কার্যক্রমের বিবরণ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে সরবরাহ করেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) কুড়িগ্রাম ও সকল এনজিও কর্তৃপক্ষ |
| ০৩ | "সর্বজনীন পেনশন স্কিম" বাস্তবায়ন সংক্রান্ত | সভাপতি সভায় জানান যে, সরকার কর্তৃক গৃহিত "সর্বজনীন পেনশন স্কিম" উদ্যোগ বাস্তবায়ন করার জন্য সকলকে একযোগে কাজ করতে হবে। যুগান্তকারী এই পদক্ষেপের মাধ্যমে সকল নাগরিক পেনশন সুবিধার আওতায় আসবে। সর্বজনীন পেনশন স্কিমের বাস্তবায়নের জন্য ব্যাপক প্রচার প্রচারণা কার্যক্রম পরিচালনা করতে হবে। সোনালী ব্যাংকসহ সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে সহযোগিতা ও কার্যকরী পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল এনজিও কর্তৃপক্ষ ও সোনালী ব্যাংক, কুড়িগ্রাম |

চলমান পাতা-২

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৪ | জমি অনাবাদি না রাখার বিষয়ে জনসাধারণকে উদ্বুদ্ধকরণ ও সচেতনতামূলক প্রচারণা চালানো। | এক ইঞ্চিও জায়গা যাতে অনাবাদি না থাকে এ বিষয়ে সমন্বিত পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। শাক-সবজিসহ অন্যান্য ফসল উৎপাদন বৃদ্ধি করার জন্য জনসাধারণকে উদ্বুদ্ধকরণ ও সচেতনতামূলক প্রচারণা চালানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল এনজিও কর্তৃপক্ষ |
| ০৫ | সকল এনজিও কার্যক্রমের মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ | সকল সংস্থাকে ওয়েব পোর্টাল থেকে জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার নোটিশ ও কার্যবিবরণী ডাউনলোডসহ নির্ধারিত এড্রেসে ইমেইল: (acgenkurigram@mopa.gov.bd) নিজ সংস্থার কার্যক্রমের মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিত প্রেরণ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল এনজিও কর্তৃপক্ষ |
| ০৬ | এনজিওর নিয়োগ বিজ্ঞপ্তি অবহিতকরণ | জেলায় এনজিও পরিচালিত প্রকল্পসমূহের বিভিন্ন স্তরে নিয়োগের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে আবশ্যিকভাবে জেলা প্রশাসনকে অবহিত করতে হবে। | সকল এনজিও কর্তৃপক্ষ |
| ০৭ | শিশুর জন্ম নিবন্ধন **এবং** মৃত্যু নিবন্ধনের ডিজিটাল সনদ গ্রহণের জন্য সচেতনতামূলক প্রচারণা চালানো। | এ জেলায় সকল শিশুর জন্ম নিবন্ধন এবং মৃত ব্যক্তিদের নিবন্ধন এর ডিজিটাল সনদ গ্রহণের জন্য জনসাধারণের মাঝে সচেতনতামূলক প্রচারণা চালানোর কার্যক্রম গ্রহণ করতে হবে। | সকল এনজিও কর্তৃপক্ষ |
| ০৮ | আগামী সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন প্রসঙ্গে | কেডিএবি, কুড়িগ্রাম আগামী সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে তাদের কার্যক্রম উপস্থাপন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। সংস্থা কর্তৃক সম্পাদিত সুবিধাভোগী, প্রকল্প বাস্তবায়নে অন্তরায়, লক্ষ্যমাত্রা অর্জন ইত্যাদি বিষয়ে উপস্থাপন করার পরামর্শ প্রদান করা হয়। | কেডিএবি, কুড়িগ্রাম |
| ০৯ | এনজিও প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ | সকল এনজিও তাদের প্রকল্পগুলো নিয়মানুযায়ী/নির্দেশনা অনুযায়ী বাস্তবায়ন করেন এবং প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করেন। | সকল এনজিও কর্তৃপক্ষ |
| ১০ | সভাপতি জানান আগামী সভায় পুলিশ সুপার, কুড়িগ্রাম এর প্রতিনিধি এনজিও সভার সদস্য হিসেবে কো-অপ্ট করা যেতে পারে। | সভাপতির আলোচনার প্রেক্ষিতে আগামী সভা থেকে পুলিশ সুপার, কুড়িগ্রাম এর প্রতিনিধি এনজিও সভার সদস্য হিসেবে কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা প্রশাসক, কুড়িগ্রাম |
| অন্যান্য এনজিও তাদের কার্যক্রম সম্পর্কে সভায় সংক্ষেপে অবহিত করে যা এতদসঙ্গে সংযুক্ত করা হলোঃ | | | |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি গৃহীত সিদ্ধান্তগুলো বাস্তবায়নে এবং এনজিও কর্তৃক প্রদত্ত সেবা দৃশ্যমান ও জনবান্ধব করাসহ কুড়িগ্রাম জেলাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সকলকে একযোগে কাজ করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/১২/২০২৩

(মোহাম্মদ সাইদুল আরীফ)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
এনজিও বিষয়ক সমন্বয় কমিটি

স্মারক নম্বর-০৫.৪৭.৪৯০০.০০৩.০৮.০০১.২২-৮৬০

তারিখ: ০৫ পৌষ ১৪৩০ / ২০ ডিসেম্বর ২০২৩

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্লট-ই-১৩/বি, আগারগাঁও, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩. উপজেলা নির্বাহী অফিসার........................ (সকল), কুড়িগ্রাম।
৪. .............................................

২০/১২/২০২৩
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

সংযুক্তিঃ ০১। এনজিও প্রতিষ্ঠানসমূহের মাসিক অগ্রগতি প্রতিবেদন।

| ক্রঃ নং | এনজিও/ সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ফ্রেন্ডশিপ, কুড়িগ্রাম | (১) ৮১টি স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে বিভিন্ন চরের ৯,৯৮০ জনকে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে, (২) ১২০টি ইপিআই সেশনের মাধ্যমে ৩,৫৬৯ জন শিশু ও ৮৬০জন নারীকে সেবা দেওয়া হয়েছে, (৩) ১৪২ জন দক্ষ মোবাইল হেলথ এফসিএম এর মাধ্যমে দুর্গম এলাকার রোগীদের আধুনিক প্রযুক্তি সেবা ও চিকিৎসা দেয়া হচ্ছে, (৪) শিশুর পুষ্টি বিষয়ক মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে এবং পুষ্টির ঘাটতি মোকাবিলায় প্রয়োজনীয় ব্যবস্থা চলমান রয়েছে, (৫) ১২০ জনকে জন্ম নিবন্ধন করতে সহায়তা দেয়া হয়েছে, (৬) ২ টি চরে থিয়েটার প্রদর্শনের মাধ্যমে জনসাধারণ এর মাঝে সচেতনতা বৃদ্ধি করা হয়েছে, (৭)প্রাথমিক ২৪৩২জন (বালিকা-১১২৩, বালক-১৩০৯), বয়স্ক- ৬৮০ জন শিক্ষা লাভ করেছে, (৮) দরিদ্র কৃষিজীবিরা আধুনিক প্রযুক্তির ব্যবহারে সহায়তা করা হচ্ছে, (৯) তাঁত সেন্টার-৩টি, সেলাই প্রশিক্ষণ কেন্দ্র-২টি ও কৃষকদের এমব্রয়ডারী কেন্দ্র-১টি স্থাপন করা হয়েছে। এতে ১৩৫জন নারীর কর্মসংস্থান ও সামাজিক মর্যাদা বৃদ্ধি পেয়েছে, (১০) সোলার প্যানেল ব্যবহারে উদ্বুদ্ধ করা হয়েছে, (১১) ৬টি ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে, (১২) ২টি ইউনিয়নে দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রম শুরু করা হয়েছে, (১৩) দুর্যোগের ঝুকি হ্রাসে তারা কাজ করছেন, এবং (১৪) কৃষি উৎপাদন বৃদ্ধিতে সহায়তা প্রদান করা হচ্ছে। |
| ০২ | ছিন্নমুকুল বাংলাদেশ, কুড়িগ্রাম | ছিন্নমুকুল বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম জেলার হতদরিদ্র ও পিছিয়ে পরা জনগোষ্ঠির জন্য কাজ করে আসছে। এ জেলার ৬টি উপজেলায় তাদের কার্যক্রম চলমান। রাজারহাট ও উলিপুর উপজেলায় (১) সেন্টার ফর সোস্যাল ডেভেলপমেন্ট কুড়িগ্রাম (CSDK), (২) সোসাইটি ফর পিপলস ইনিসিয়েটিভস (SPI) এবং (৩) রংপুর হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (RHRDF) প্রকল্প চলমান রয়েছে। প্রকল্পের উপকারভোগীর সংখ্যা ১২,৬০০জন, শিখন কেন্দ্রের সংখ্যা ৪২০টি, বই বিতরণ ১২৬০০ সেট, শিক্ষক ও সুপারভাইজার সহায়িকা ৪৫০ সেট, সতেজিকরণ প্রশিক্ষণ ৬জন, শিক্ষকগণের বুনিয়াদি প্রশিক্ষণ ৪২০জন, শিখনকেন্দ্রের উপকরণ বিতরণ ৪২০টি, শিক্ষার্থীদের উপকরণ বিতরণ ৩৫০টি। |
| ০৩ | বকুলতলী মহিলা সংসদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম | বকুলতলী মহিলা সংসদ, ভূরুঙ্গামারী কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান তার প্রতিষ্ঠান কর্তৃক নিজস্ব অর্থায়নে প্রাথমিক শিক্ষা, উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা, সুপারী নার্সারী ও মৎস্য চাষ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সহযোগিতায় দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান, হস্ত শিল্প প্রশিক্ষণ প্রদান করা হয়। |
| ০৪ | কেয়ার বাংলাদেশ, কুড়িগ্রাম | কেয়ার বাংলাদেশ, কুড়িগ্রাম সহযোগি সংস্থা মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস)- এর মাধ্যমে সৌহার্দ্য III প্লাস ও ডি আর আর প্রকল্প নামক দুইটি প্রকল্পের কার্যক্রম জেলার ছয়টি ঝুকিপূর্ন উপজেলার (রাজারহাট, ফুলবাড়ি, নাগেশ্বরী, চর রাজিবপুর, কুড়িগ্রাম সদর ও উলিপুর) ২২টি ঝুঁকিপূর্ণ ইউনিয়নে চলমান আছে৷ ৩২৭জন দরিদ্র ও হতদরিদ্র কৃষক পরিবার প্রধানকে সমন্বিত বসতবাড়ি উন্নয়ন প্রশিক্ষণ প্রদান শেষে প্রত্যেক অংশগ্রহণকারীকে প্রদর্শনী বাগান তৈরির জন্য ১০,১৮৫ টাকা (ক্যাশ আউট চার্জসহ) বিকাশের মাধ্যমে প্রদান করা হয়। এই খাতে সর্বমোট ৩৩,৩০,৪৯৫ টাকা বিতরণ করা হয়। ৩৮৬টি Village Savings &Loan Association দলের সদস্যদের বাংলাদেশ ব্যাংকের সার্বিক নির্দেশনা ও সহায়তায় বিভিন্ন বাণিজ্যিক ব্যাংকের সাথে লিংকেজ করে ১০ টাকায় ব্যাংক একাউন্ট খোলার কাজে সহযোগিতা প্রদান করা হচ্ছে। সৌহার্দ্য III ডি আর আর প্রকল্পের মাধ্যমে এমজেএসকেএস কুড়িগ্রাম জেলার দুইটি উপজেলা (কুড়িগ্রাম সদর ও উলিপুর)-এর ৪টি ইউনিয়নের কৃষক মাঠ স্কুলের সদস্যদের মাঝে ২০০ জনের মাঝে ১৫ ধরনের শাক-সজি, ৯৮ জনের মাঝে ২ কেজি করে ধানের বীজ, ৭৪ জনের মাঝে ২ কেজি করে ভুট্টার বীজ, ২৮ জনের মাঝে ৩০ গ্রাম করে মরিচ বিতরণ করা হয়। |
| ০৫ | গুড নেইবারস বাংলাদেশ কুড়িগ্রাম সিডিপি | গুড নেইবারস বাংলাদেশ কুড়িগ্রাম এর প্রতিনিধি জানান দীর্ঘদিন যাবত বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নে বিভিন্ন কার্যক্রম যেমন: শিশু উন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্য ও শিশু অধিকার, সংক্রান্ত কর্মকান্ড; নারী উন্নয়ন, সমবায় ভিত্তিক আয়বৃদ্ধি এবং প্রজনন, স্বাস্থ্য ও স্বাস্থ্য ও নারী উন্নয়ন যুব উন্নয়ন, স্থানীয় যুবকদের কর্মমুখী শিক্ষা ও স্থানীয় সেচ্ছাসেবক কার্যক্রম এবং দুর্যোগ সক্ষমতা বৃদ্ধি কার্যক্রম পরিচালনা করে আসছে। বাস্তবায়িত প্রকল্পের নাম শিক্ষা ও সুরক্ষা, স্বাস্থ্য কার্যক্রম, আয় বৃদ্ধিমূলক কার্যক্রম, কমিউনিটি পার্টনারশিপ ও নেটওয়াকিং, এ্যাডভোকেশি, পরিবেশ সুরক্ষা, জরুরী খাদ্য সহায়তা, দুর্যোগ সক্ষমতাবৃদ্ধি প্রকল্প, এছাড়া ডব্লিউএফপি এর সাথে পার্টনারে উক্ত কর্ম এলাকায় বিল্ডিং রেজিলেন্স টু এ্যাচিভ জিরো হাঙ্গার প্রকল্পের মাধ্যমে বিভিন্ন আইজিএ কার্যক্রম এবং দুর্যোগ মোকাবেলায় ব্যবস্থাপনা ও উন্নয়নে কাজ করা হয়। |
| ০৬ | এইড কুমিল্লা, কুড়িগ্রাম | এইড কুমিল্লা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম জেলায় চিলমারী ও নাগেশ্বরী উপজেলায় প্রত্যক্ষ ২৫৩১২৫জন নারী ও কিশোরী। এছাড়াও, সংস্থাটির অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করে আসছে। |

চলমান পাতা-২

| | | |
|---|---|---|
| ০৭ | আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রাম | আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম জেলায় চারটি প্রকল্পের কাজ চলমান রয়েছে। (১) 'চাইল্ড নট ব্রাইড' প্রকল্পের অধীনে ইউনিয়ন পরিষদের সাথে যোগাযোগ ও বাল্য বিবাহ প্রতিরোধ কমিটির সভায় যোগদান, যুবফোরাম পুনর্গঠন, চ্যাম্পিয়ান ফাদার ও সিবিসিপিসি সদস্যদের সাথে যোগাযোগ করা হচ্ছে। এছাড়াও কাজী, ইমাম, পুরোহিত, স্কুল ও ক্লাবের সাথে যোগাযোগ করা হচ্ছে, (২) কোর কম্প্রিহেনসিভ প্রোগ্রাম, (৩) ট্রান্স বাউন্ডারি ফ্লাড রেজিলেন্স প্রজেক্ট ইন সাউথ এশিয়া প্রকল্প এবং (৪) স্কুল ফিডিং প্রকল্প কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। আরডিআরএস, বাংলাদেশ শিক্ষা বিস্তারে ভূমিকা পালনের জন্য কর্ম-পরিকল্পনা গ্রহণের উদ্যোগ নিয়েছে মর্মে সভায় জানানো হয়। |
| ০৮ | ব্র্যাক, কুড়িগ্রাম | ব্র্যাক, কুড়িগ্রামের জেলা সমন্বয়কারী চলমান প্রকল্পসমূহের কর্মসূচির চিত্র সভায় উপস্থাপন করেন। প্রকল্পসমূহ হলো: (১) মাইক্রোফাইন্যান্স কর্মসূচি, (২) ব্র্যাক শিক্ষা কর্মসূচি, (৩) ব্র্যাক স্বাস্থ্য কর্মসূচি, (৪) সামাজিক ক্ষমতায়ন আইন সুরক্ষা কর্মসূচি, (৫) অতিদরিদ্র কর্মসূচি, (৬) জেন্ডার জাস্টিস এন্ড ডাইভারসিটি কর্মসূচি এবং (৭) এসডিপি কর্মসূচি। প্রকল্পগুলোর কার্যক্রম বিভিন্ন উপজেলায় বাস্তবায়ন অব্যাহত রয়েছে। |
| ০৯ | ইএসডিও, কুড়িগ্রাম | ইএসডিও, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান সংস্থার তত্বাবধানে ০৮টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। প্রকল্পের চলমান কার্যক্রম সভায় উপস্থাপন করেন। ১. বাংলাদেশ গ্রাম আদালত সক্রিয়করণ ৩টি উপজেলায় ২৬টি ইউনিয়নে তথ্য সংগ্রহ করার কাজ চলমান রয়েছে। ২. Provati GALS Project প্রকল্পের উপকারভোগী সংখ্যা ৪,৩২০জন ও ২,৫৩৬জন, ৩. SEEDS (Socio Economic Empowerment with Dignity and Sustainability প্রকল্পের উপকারভোগী পরিবার ৩,০০০জন, ৪. Gender Renponsive School & Community Sefety Initiative (GRSCSI)Project প্রকল্পের উপকারভোগী সংখ্যা ১৪,৪২৮জন, ৫. Community Support Inclusive equitable education across School in Kurigram প্রকল্পের উপকারভোগী সংখ্যা ৩,৪০৫জন, ৬. Pathways to Prosperity for Extremely Poor People (PPEPP) প্রকল্পের উপকারভোগী সংখ্যা ২৩,৪৭৭জন, ৭. kurigram dairy value chain project প্রকল্পের উপকারভোগী সংখ্যা ১৩০জন এবং ৮. MF (Micro Finance) প্রকল্পের উপকারভোগী সংখ্যা ১,৩৭২জন। |
| ১০ | সলিডারিটি, কুড়িগ্রাম | সলিডারিটি, কুড়িগ্রামের প্রতিনিধি জানান যে ১) Micro Credit Program, ২) Women Empowerment and Income generation project, ৩) Basic Literacy (64 Districts), ৪) Monsoon Flood Response Project, ৫) Empowering Local and National Humanitarian Actors (ELNHA), ৬) Y-MOVES, ৭) Wish2Action Project, ৮) Safety Wings, ৯) চরের দরিদ্র মানুষের খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প, ১০) Bangladesh Health Watch, ১১) Alternative Learning Program(ALP) ১২)Sports for protection resilience and transformation এবং ১৩)BRAC KFW project প্রকল্পগুলোর কার্যক্রম চলমান রয়েছে। ১২টি ইউনিয়নে পরিবেশ দিবস ও জনসংখ্যা দিবস উদ্‌যাপন করা হয়েছে। জলবায়ু পরিবর্তেনের পদক্ষেপ হিসেবে ৪০০ শত গাছ লাগানো হয়েছে। নারীদের উঠান বৈঠক দুযোর্গ ব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তেন, আয় বৃদ্ধিমূলক কর্মকান্ড, নারীর অধিকার, বাল্য বিবাহ প্রতিরোধ, ডেংগু প্রতিরোধ, দক্ষতা বৃদ্ধিমূলক প্রক্ষিক্ষণ বিষয়ে সচেতনামূলক সভা করা হয়েছে। ৪০জন মৃদু প্রতিবন্ধী নারী ও পুরুষের ৪ মাস ব্যাপী প্রশিক্ষণ চলমান রয়েছে। প্রকল্পের নারী ক্ষমতায়নের জন্য ৩৫২জন নারীকে এককালীন মোট ২৭,৪৫,১০০/- কৃষি, অকৃষি ও তাঁত কাজের জন্য প্রদান করা হয়েছে। |
| ১১ | সাজেদা ফাউন্ডেশন, কুড়িগ্রাম | সাজেদা ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ ব্যবস্থাপনা মাধ্যমে চিলমারী উপজেলায় অষ্টমীর চর ইউনিয়নের ০৮ টি চরে ০৮টি গুরুপে ২৮০জন উপকারভোগীদেরকে ০২টি করে জীবিকায়ন উপকরণ দ্বারা বৃদ্ধি এবং স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির জন্য উঠান বৈঠক করা হয়। রৌমারী উপজেলায় ০৮ টি চরে ০৮টি গুরুপে ২৮০জন উপকারভোগীদেরকে ০২টি করে জীবিকায়ন উপকরণ দ্বারা বৃদ্ধি এবং স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির জন্য উঠান বৈঠক করা হয়। এছাড়াও, ০৮টি স্ট্যাটিক ক্লিনিকের মাধ্যমে ১১৯টি পরিবারের ১৫৮ জনকে বিনামূল্যে স্বাস্থ্য সেবা এবং ঔষধ প্রদান করা হয়। এছাড়াও, চলতি মাসে ২৮০জনকে ০৫ (পাঁচ) ধরনের (লাউ, শিম, ধনেপাতা, মূলা ও পালং শাক) শীতকালীন সব্জি বীজ বিনামূল্যে প্রদান প্রদান করা হয়। |
| ১২ | রিকোভার ইন ডিগনিটি প্রজেক্ট, কুড়িগ্রাম | রিকোভার ইন ডিগনিটি প্রজেক্ট, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে, কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর ও উলিপুর উপজেলায় প্রত্যক্ষ ৬,৫০০টি পরিবার এর মধ্যে ৮০০ জন প্রতিবন্ধী ব্যক্তি ও তাদের পরিবার এবং পরোক্ষ ৫,৭০০টি পরিবারকে ১,১,৭৫,৭০০/- টাকা বিতরণ করা হয়েছে। |

| | | |
|---|---|---|
| ১৩ | সেন্টার ফর ডিজএবিলিটি ইন ডেভলপম্যান্ট- (সিডিডি) | সিডিডি, কুড়িগ্রাম প্রতিনিধি সভায় জানান যে, কুড়িগ্রাম সদর উপজেলার যাত্রাপুর ইউনিয়নে ১.প্রতিবন্ধিতা অন্তর্ভূক্তিমূলক দুর্যোগ ঝুঁকিহ্রাসে কার্যক্রম, ২. স্বাস্থ্য ক্যাম্প যাত্রাপুর ইউনিয়নে ১টি, ৩. ঔষধ বিতরণ ৩০জন, ৪. ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা ১টি, ৪. যাত্রপুর ইউনিয়নে ৪টি স্ব-সহায়ক দলের সভা করা, ৫. ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা ০১টি, ৬. আইজিএবিষয়ক প্রশিক্ষণ-৭৬জনকে, ৭. ফরেনভিজিট- ২ বার করা হয়। |
| ১৪ | উদ্দীপন, কুড়িগ্রাম। | উদ্দীপন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান মাইক্রোফিন্যান্স, উদ্দীপন হেলথ কেয়ার কর্মসূচি, বিডি রুরাল ওয়াস এবং ওয়াটার এ্যান্ড স্যানিটেশন, পাখি পল্লী সুজন কর্মসূচি, বিলুপ্ত প্রায় দেশীয় ঐতিহ্য পুনরুদ্ধার, প্রবীণ ও প্রতিবন্ধী জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি, বৃক্ষ রোপন কর্মসূচি, গবাদি প্রাণী বিনিময় ব্যাংক প্রকল্পসহ সংস্থার অন্যান্য সকল কার্যক্রম চলমান রয়েছে। |
| ১৫ | মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস) উলিপুর, কুড়িগ্রাম | মহিদেব যুব সমাজকল্যাণ সমিতি (এমজেএসকেএস) এর প্রতিনিধি সংস্থার চলমান প্রকল্পসমূহের কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন সংস্থাটি বিভিন্ন দাতা গোষ্ঠির সহায়তায় কুড়িগ্রাম জেলার বিভিন্ন উপজেলায় উল্লেখিত প্রকল্পসমূহ বাস্তবায়ন করছে যেমন; ১) মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দ্যা চরস (M4C) ফেইজ-III, ২) সৌহার্দ্য III Plus এক্টিভিটি, ৩) সৌহার্দ্য III DRR এক্টিভিটি, ৪) স্ট্রেংদেনিং হাউজহোল্ড অপর্চুনিটি থ্রো ইওথ ইনগেজমেন্ট, ৫) কমব্যাটিং ইমপ্যাক্টস অফ ক্লাইমেট চেঞ্জ ইন সিভিয়ারলি এ্যাফেক্টেড এরিয়াস অফ বাংলাদেশ (টেকসই) প্রজেক্ট, ৬) স্পন্সরশীপ প্রোগ্রাম, ৭) এনআরকে টেলিথন-চাইল্ড নট ব্রাইড (CNB) প্রজেক্ট, ০৮) ইকুইটেবল একসেস অব রেজিলিয়েন্স লাইফ (EARL) প্রজেক্ট, ৯) কমিউনিটি বেজড রেজিলিয়েন্স, ওমেন ইমপাওয়ারমেন্ট এন্ড একশন (CREA) প্রজেক্ট, ১০) ইমপাওয়ার গার্লস থ্রো ইডুকেশন এন্ড স্কিল, ১১) এলনিনো এনটিসিপেটরী একশনস টুড্রট এন্ড হিট ওয়েভ ইন বাংলাদেশ প্রজেক্ট। অত্র সংস্থা কর্তৃক বাস্তবায়িত প্রকল্পসমুহের মাধ্যমে অক্টোবর ২০২৩ ইং মাসে নাগেশ্বরী উপজেলার কালীগঞ্জ ইউনিয়নের শাল মারা দাখিল মাদ্রাসার শিক্ষার্থীদের নিরাপদ স্বাস্থ্য সেবা নিশ্চিতকরনের উদ্দেশ্যে একটি ওয়াশ ব্লক স্থাপনার কাজ সমাপ্ত করা হয়, ঝড়ে পড়া মোট ১৫৭ জন শিক্ষার্থীকে বিনা মূল্যে ২০ টি বিকল্প কেন্দ্রের মাধ্যমে নিয়মিত পাঠদান করা হচ্ছে। সংস্থা ৮০ টি শিশু বিকাশ কেন্দ্রে ১২৮৫ জন শিশুকে গল্পবলা ও ছড়ার মাধ্যমে প্রাক-প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগি করে গড়ে তোলার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। ৯৫জন যুবকে (নারী-২৮, পুরুষ-৬৭) কারিগরী দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তিনটি মাধ্যমিক বিদ্যালয়ের ১৫০ জন শিক্ষার্থীকে (ছাত্র-ছাত্রী) নিয়ে ব্যক্তিগত স্বাস্থ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য ওরিয়েন্টেশন এবং ৭৫ জন শিক্ষার্থীকে নিয়ে স্বল্প খরচে স্যানিটারী প্যাড তৈরী এবং প্রজনন স্বাস্থ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য ক্যাম্পেইন করা হয়েছে। এছাড়া ক্লাব পর্যায়ে আর্ন্তজাতিক কন্যা শিশু দিবস উদ্যাপন করা হয়েছে। বসত বাড়িতে সজি চাষ প্রদর্শনী বিষয়ে ২১৭ জন নারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |
| ১৬ | মেরী স্টোপস ক্লিনিক, কুড়িগ্রাম | ক্লিনিক ম্যানেজার, মেরী স্টোপস ক্লিনিক, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান সংস্থার কার্যক্রমের লক্ষ্যমাত্রা অনুযায়ী সেবা গ্রহীতা ২০০জন, খাবার বড়ি ১০০জন, ইনজেকশন গ্রহণ ১০২জন, কনডম গ্রহণ ৭০জন, আইইউডি ০৭জন, ইমপ্লানন নেই, পরিবার পরিকল্পনা কাউসেলিং ২১০জন, গর্ভকালীন সেবা ৫জন, সাধারণ স্বাস্থ্য সেবা ৪৫জন, প্রজনন স্বাস্থ্য সেবা ০৮জন, ভায়া ৩০জন, এম আর সেবা ৮৩জন অর্জন করা হয়। |
| ১৭ | টেরেডেস হোমস্ ফাউন্ডেশন, হাসপাতাল রোড, কুড়িগ্রাম | টেরেডেস হোমস্ ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম সদর, উলিপুর ও চিলমারী উপজেলায় ৫১জন স্টেকহোল্ডার সাথে যোগাযোগ, ১৮০৪জন উপকারভোগীর বাড়ি পরিদর্শন, খেলার মাঠ সংস্কার ২৫টি, কমিউনিটি সেনসেটাইজেশন মিটিং করা, ৮৯টি ক্লাস্টার ম্যানেজমেন্ট কমিটি ৮৯টি, ৪৫টি লোকাল রিসোর্স ম্যানেজমেন্ট কমিটি গঠন, ফুটবল খেলার মাধ্যমে নির্বাচন করা হয় ১৩২৬ জন, হ্যান্ডবলের মাধ্যমে ১০৫১জন ও ট্র্যাডিশনাল গেসসের মাধ্যমে ১০৫২জন। জেলা ও উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ৪টি সমন্বয় সভা করা হয়। |
| ১৮ | উদয়াঙ্কুর সেবা সংস্থা (ইউএসএস), কুড়িগ্রাম | উদয়াঙ্কুর সেবা সংস্থা (ইউএসএস), কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান ইউএসএস একটি বেসরকারি স্বেচ্ছাসেবী সামাজিক উন্নয়ন সংস্থা। বর্ণিত প্রকল্পের আওতায় চলতি মাসে ১.স্টপ ভায়োলেন্স এ্যাগেইনস্ট ওমেন কমিটির ১টি সভা অনুষ্ঠিত হয়েছে। ২. ১৪টি শিশু বিকাশ কেন্দ্র, ৩. ক্লাইমেট সভা ৪টি, ৪. ইয়ুথ গ্রুপের মাসিক সভা ১০টি, ৫. কমিউনিটি সাংবাদিক দলের সভা ৩টি, ৬. মাধ্যমিক বিদ্যালয়ে জলবায়ু পরিবর্তন বিষয়ক বিতর্ক ২টি, ৭. সেফগার্ডিং বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে ২টি, ৮. বাজেট ও কর সুশাসন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে ২টি, ৯. রিসার্চ ডেসিমিনেশন ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে ১টি, ১০. সামাজিক সম্প্রীতি বজায় রাখতে ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে ৬টি, ১১. বাল্যবিবাহ প্রতিরোধ ১০টি, ১২. ৩০টি রিফ্লেকশন এ্যাকশন সার্কেল (দরিদ্র নারীদের দল), ১৪টি শিশু বিকাশ কেন্দ্র/চাইল্ড ডেভেলপমেন্ট সেন্টার এর কার্যক্রম চলমান আছে। |

চলমান পাতা-৪

| | | |
|---|---|---|
| ১৯ | গণউন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রাম | গণউন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় চলমান প্রকল্পসমূহের অগ্রগতি সভায় নিম্নরূপভাবে উপস্থাপন করেন। (১) Gender Transformati ve Climate Resilint Microfinance project, (২) Climate Risk Insurance (CRI) বর্ণিত সংস্থার মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক দাতা সংস্থার মাধ্যমে দারিদ্র বিমোচন, নারীর ক্ষমতায়ন, শিক্ষার উন্নয়ন, দুর্যোগ ব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তন, পরিবেশ সুরক্ষা, প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনমান উন্নয়ন, যুবকদের কারিগরি প্রশিক্ষণ ও কর্মসংস্থান সৃষ্টি, ক্ষুদ্রঋণ কার্যক্রমসহ নানামূখী উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। এছাড়াও, উঠান বৈঠক ২৪টি, ফারমার্স হাব মিটিং ১১টি, ফোক সং ইভেন্ট ২২টি ও প্রচারণার জন্য টিভিসি প্রচার ১ মাস। |
| ২০ | মানব কল্যাণ সংস্থা (এমকেএস) কুড়িগ্রাম | মানব কল্যাণ সংস্থা (এমকেএস) কুড়িগ্রাম প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম জেলায় ফুলবাড়ী, নাগেশ্বরী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সদর, রৌমারী, উলিপুর এবং রাজিবপুর উপজেলায় (১) চর অঞ্চলে বেকার যুবক-যুবতীদের কম্পিউটার প্রশিক্ষণের মাধ্যমে আয় বৃদ্ধিকরণ প্রকল্প, (২) স্বাস্থ্য সেবা প্রোগ্রাম এর মাধ্যমে সমাজের নারী, প্রতিবন্ধি, (৩) জলবায়ু পরিবর্তনে বৃক্ষ রোপন কর্মসূচি, (৪) প্রান্তিক ও অসহায় জনগোষ্ঠির মাঝে বিনামূল্যে তেল সার, বীজ এবং কৃষি উপকরণ বিতরন, (৫) কৃষকদের প্রশিক্ষণ প্রদান, (৬) খাদ্য ও স্কীল ডেভেলপমেন্ট কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| ২১ | হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল বাংলাদেশ | হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান রিকোভার ইন ডিগনিটি প্রজেক্ট কুড়িগ্রাম সদর ও উলিপুর উপজেলায় সংস্থাটির কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। প্রকল্পটির মাধ্যমে অতিদরিদ্র ও দরিদ্র প্রতিবন্ধী পরিবারে ব্যক্তিদের জীবনযাত্রার মান উন্নতকরণ এবং বিভিন্ন কাজের ক্ষেত্রে স্বয়ংক্রিয় ভূমিকা অর্জন করতে পারে সে লক্ষ্যে কার্যক্রম গ্রহণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উপকারভোগী পরিবারকে বিভিন্ন বিষয়ে সহায়তা প্রদান করা হয়েছে। প্রতিবন্ধীকে চিকিৎসা সহায়তা এবং উপকারভোগী প্রতিবন্ধী ব্যক্তি এবং তাদের পরিবারকে কাউন্সিলিং সহায়তা প্রদান করা হয়েছে। |
| ২২ | ওয়ার্ল্ড কনসার্ন বাংলাদেশ | ওয়ার্ল্ড কনসার্ন বাংলাদেশ প্রজেক্ট ম্যানেজার সভায় তাদের সংস্থার কার্যক্রম উপস্থাপন করেন। প্রত্যাশা (প্রোটেকটিং ওম্যান এন্ড চিল্ড্রেন ফ্রম এবিউজ থ্রো সেল্প-হেল্প এপ্রোচ) চিলমারী উপজেলার থানাহাট, রমনা ও রানীগঞ্জ ইউনিয়নে কার্যক্রম চলমান রয়েছে। (১) ৩টি দলে ৬৩ জন আত্মসহায়ক দলের সদস্যকে লক্ষ্য নির্ধারণ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়, (২) ৩টি দলে ৬০ জনকে আত্মসহায়ক দলের সদস্যকে মনিটরিং ও রিপোটিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং (৩) ৩টি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে ৬০ জন আত্মসহায়ক দলের সদস্যকে কার্যকরী যোগাযোগ সম্বন্ধে জ্ঞান লাভ বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়। |
| ২৩ | সেন্টার ফর ডিজএবিলিটি ইন ডেভলপম্যান্ট-(সিডিডি) | সিডিডি, কুড়িগ্রাম প্রতিনিধি সভায় জানান যে, কুড়িগ্রাম সদর উপজেলার যাত্রাপুর ইউনিয়নে ১.প্রতিবন্ধিতা অন্তর্ভূক্তিমূলক দুর্যোগ ঝুঁকিহ্রাসে কার্যক্রম, ২. স্বাস্থ্য ক্যাম্প যাত্রাপুর ইউনিয়নে ১টি, ৩. যাত্রপুর ইউনিয়নে ৩টি স্ব-সহায়ক দলের সভা করা , ৪. ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা ০২টি, ৫. যাত্রাপুর ইউনিয়নে স্ব-সহায়ক দলের সভা ৩টি, ৬.ওয়াস ফ্যাসিলিটি চিহ্নিতকরণ ও মেজারম্যান্ট ০৪টি, ৭. আইজিএ বিষিয়ক প্রশিক্ষণ ৭৬জনকে করা হয়। |
| ২৪ | লেপ্রা, বাংলাদেশ কুড়িগ্রাম | লেপ্রা, বাংলাদেশ এর মনিটরিং অফিসার সভায় জানান তারা নতুন কুষ্ঠ রোগী সনাক্তকরণ, পুরাতন রোগী ফলোআপ ক্লিনিক পরিদর্শন করে থাকেন। এছাড়াও, রাজারহাট, রৌমারী উপজেলায় বিভিন্ন প্রশিক্ষণ প্রদান কার্যক্রম, দক্ষতা বৃদ্ধি, জনগণের মধ্যে সচেতনামূলক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। চিলমারী, উলিপুর, রাজারহাট, কুড়িগ্রাম সদর, ভূরুঙ্গামারী, ফুলবাড়ী, ও নাগেশ্বরী উপজেলায় ৬০ জন কুষ্ঠ ও গোদ আক্রান্ত রোগীদের নিয়ে self-care training আয়োজন করা হয়। তাদের প্রত্যেককে বালতি/গামলা, মগ, গামছা, রুমাল, সাবান, এন্টি ফাংগাল ক্রিম, ভেসলিন ও যাতায়াত খরচ প্রদান করা হয়। উলিপুর, নাগেশ্বরী, ভূরুঙ্গামারী ও ফুলবাড়ী উপজেলায় মোট ৮০ জন কুষ্ঠ ও গোদ আক্রান্ত রোগীকে বাড়ীতে গিয়ে ফলো-আপ প্রদান করা হয়। এছাড়াও, উলিপুর ও ফুলবাড়ী উপজেলার মোট ৯জন কুষ্ঠ আক্রান্ত রুগীকে মোট ৯ জোড়া বিশেষভাবে তৈরী জুতা প্রদান করা হয়। |
| ২৫ | ব্যুরো বাংলাদেশ, কুড়িগ্রাম | ব্যুরো বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম জেলার দারিদ্র বিমোচন এবং জীবন যাত্রার মান উন্নয়নে দারিদ্র জনগোষ্ঠীকে স্বাবলম্বী করার লক্ষ্যে ঋণ বিতরণ কার্যক্রম পরিচালনা। এছাড়াও সুবিধা বঞ্চিত মানুষ জনের নিরাপদ ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবস্থা, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের কৃষিভিত্তক প্রশিক্ষণ প্রদান, নারী ক্ষুদ্র উদ্যোক্তাদের আর্থিক ও ব্যবসা উন্নয়ন বিষয়ে ২০ জনকে প্রশিক্ষণ প্রদান এবং স্থানীয় প্রশাসনের মাধ্যমে ৩৮০ জন পরিবারকে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। |
| ২৬ | ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি), কুড়িগ্রাম | ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি), কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) বিল্ডিং রেজিলিয়েন্স টু এাসিভ জিরো হাংগার (ব্রাজ) প্রকল্পের মাধ্যমে চিলমারী এবং উলিপুর উপজেলার প্রত্যক্ষ ৩,৯৫১জন উপকারভোগীর মাঝে কার্যক্রম পরিচালনা করা হয়। এক্সটেন্ডেড কমিউনিটি ক্লাইমেট চেঞ্জ প্রজেক্ট-ফ্লাড প্রকল্পের মাধ্যমে প্রত্যক্ষ ১৫,৩০০জন উপকারভোগীর মাঝে কার্যক্রম পরিচালনা। এনডিপি এমফোরসি প্রকল্পের মাধ্যমে ৮,০০০ জন প্রত্যক্ষ উপকারভোগীর মাঝে কার্যক্রম পরিচালনা করেন। |

চলমান পাতা-৫

| | | |
|---|---|---|
| ২৭ | টিডিএইচ ইটালি, কুড়িগ্রাম | টেরেডেস হোমস ফাউন্ডেশন ইটালি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান চিলড্রেন এডভ্যান্সমেন্ট প্রজেক্ট (ক্যাপ) জেলা প্রকল্পের কার্যক্রমের ধরণ: ক) স্পনসরশীপ সহায়তা প্রকল্প (প্রাথমিক বিদ্যালয়), ও খ) স্পনসরশীপ সহায়তা প্রকল্প (প্রাথমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান) (১) কুড়িগ্রাম সদর ও চিলমারী উপজেলার অন্তর্গত বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে দুঃস্থ পরিবারের অধ্যায়নরত মোট ১০২ জন শিক্ষার্থীকে শিক্ষা সহায়তা যেমন- সাদা কাগজ, কলম, খাতা (বাংলা , ইংরেজী, অংক ও ড্রইং) এবং অন্যান্য শিক্ষা উপকরণ প্রদান করা হয়েছে, (২) কুড়িগ্রাম সদর ও চিলমারী উপজেলার অন্তর্গত বিভিন্ন সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে এবং মহাবিদ্যালয়ে দুঃস্থ পরিবারের অধ্যায়নরত ১১৩ জন কিশোরি এবং ৬৭ জন কিশোর মোট ১৮০ জনকে শিক্ষা সহায়তা যেমন- খাতা ও কলম সহ অন্যান্য শিক্ষা উপকরণ প্রদান করা হয়েছে, (৩) স্পনসরশিপ কর্মসূচির অধীন সকল শিক্ষার্থী ও অভিভাবককে নিয়ে মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে, (৪) কুড়িগ্রাম জেলার অন্তর্গত চিলমারী উপজেলায় একটি এবং কুড়িগ্রাম পৌরসভায় একটি মোট ২টি কিশোর-কিশোরি ক্লাবের কার্যক্রম অব্যাহত রয়েছে। উক্ত কার্যক্রমের মধ্যে রয়েছে জীবন দক্ষতামূলক প্রশিক্ষণ, বই পড়া, দৈনিক পত্রিকা পড়া, খেলাধুলা ও আলোচনা, (৫) ১ম শ্রেণির শিশুদেরসহ পাঠ্যক্রমের ক্লাস সপ্তাহে দুই দিন পরিচালনা অব্যাহত রয়েছে। স্কুল ছুটির পরে শিশুদের সহ-পাঠ্যক্রমের ক্লাস পরিচালনা করা হয়। |
| ২৮ | বাংলাদেশ মহিলা পরিষদ, কুড়িগ্রাম | বাংলাদেশ মহিলা পরিষদ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান ১.বাল্য বিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধ বিষয়ে মতবিনিময় সভা, ২. পারিবারিক সহিংসতা প্রতিরোধ সুরক্ষা আইন ২০১০ বিষয়ে আলোচনা সভা, ৩. উঠান বৈঠক কর্মী সভা, ৪. তরুণ তরুণীদের নিয়ে মাসিক পাঠচক্র, ৫. সালিশ বৈঠক, ৬. তরুণী সংগঠকদের নিয়ে প্যারা লিগ্যাল প্রশিক্ষণ প্রদান করা হয়। |
| ২৯ | টিএমএসএস, কুড়িগ্রাম | টিএমএসএস, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে বর্তমানে কুড়িগ্রাম জেলায় ১৬টি প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। (১) সচেতনতা বৃদ্ধিমূলক কর্মসূচিঃ স্বাস্থ্য বিষয়ক সচেতনতা ও বাল্য বিবাহ প্রতিরোধ, (২) সোলার প্যানেলঃ চর রাজিবপুর উপজেলায় টিআর/কাবিখা কার্যক্রম চলমান রয়েছে, (৩) স্বাস্থ্যসেবা: নাগেশ্বরী উপজেলার পায়রাডাঙ্গা বাজারে "টিএমএসএস সাহেরা ওয়াসেক" হাসপাতাল চালু করা হয়েছে। (৪) পিপিইপিপি প্রকল্পের উদ্দেশ্যঃ কুড়িগ্রাম সদর উপজেলায় অতিদরিদ্র জনগোষ্ঠীর সক্ষমতা বৃদ্ধি ও অর্থনৈতিক উন্নতির সহযোগিতা প্রদান করা। |
| ৩০ | মানব কল্যাণ সংস্থা (এমকেএস) কুড়িগ্রাম | মানব কল্যাণ সংস্থা (এমকেএস) কুড়িগ্রাম প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম জেলায় ফুলবাড়ী, নাগেশ্বরী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সদর, রৌমারী, উলিপুর এবং রাজিবপুর উপজেলায় (১) চর অঞ্চলে বেকার যুবক-যুবতীদের কম্পিউটার প্রশিক্ষণের মাধ্যমে আয় বৃদ্ধিকরণ প্রকল্প, (২) স্বাস্থ্য সেবা প্রোগ্রাম এর মাধ্যমে সমাজের নারী, প্রতিবন্ধি, (৩) দারিদ্র দূরীভুত করার জন্য সমাজের পিছিয়ে পড়া নারী সমাজের উন্নতিকল্পে কাজ করা। (৪) জলবায়ু পরিবর্তনে বৃক্ষ রোপন কর্মসূচি, (৫) প্রান্তিক ও অসহায় জনগোষ্ঠির মাঝে বিনামূল্যে তেল সার, বীজ এবং কৃষি উপকরণ বিতরন, (৫) কৃষকদের প্রশিক্ষণ প্রদান, (৬) খাদ্য ও পুষ্টি স্কীল ডেভলপমেন্ট কার্যক্রম, (৮) মা ও শিশু স্বাস্থ্য সচেতনা প্রকল্প গ্রহণ করা হয়েছে। |
| ৩১ | কেডিএবি, কুড়িগ্রাম | কেডিএবি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান বর্তমানে কেডিএবি-কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট কার্যক্রম উলিপুর ও চিলমারী উপজেলায় চলমান রয়েছে। একটি প্রাথমিক বিদ্যালয়ে ২২৮জন ও একটি মাধ্যমিক বিদ্যালয়ে ২৩৯জন শিক্ষার্থীদের দেশী/বিদেশী শিক্ষক দ্বারা পরিচালিত হচ্ছে। ২০টি কম্পিউটার বিশিষ্ট ল্যাব মাল্টিমিডিয়া সিস্টেমে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। কুষ্ঠরোগী পুনর্বাসনের ব্যবস্থা করা হচ্ছে। দুঃস্থ ও গরীব পরিবারের সন্তানদের জন্য মানসম্মত প্রাথমিক ও নিম্নমাধ্যমিক শিক্ষা ব্যবস্থা চালু রয়েছে। কুষ্ঠরোগীসহ এলাকার বেকার যুবক-যুবতীদেরকে পোল্ট্রি, ফিসারী, গরু মোটাতাজাকরণ, ছাগল পালন, কৃষি ও মানসিক উন্নয়ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এছাড়াও, ২০০জনকে দন্ত চিকিৎসা প্রদান করা হয়। |
| ৩২ | কাশেম ফাউন্ডেশন, উলিপুর, কুড়িগ্রাম | কাশেম ফাউন্ডেশন, উলিপুর, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান মরিয়ম চক্ষু হাসপাতালে ৩,৭৮৯ জন রোগীর চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। রোগী বাছাই কর্মসূচিতে চক্ষু রোগীর চিকিৎসা ৪,১১৫ জন। চোখের ছানি অপারেশন (কৃত্রিম লেন্সসহ) ৫৩১ জন। সাধারণ অপারেশন- ৩৯৪ জন, সাধারণ হতদরিদ্র/দরিদ্র/নিম্নমধ্যবিত্ত ছানি রোগীর ছানি অপারেশন (কৃত্রিম লেন্সসহ) করেছে ৩৯৪ জন। ধনী রোগীর ছানি অপারেশন (কৃত্রিম লেন্সসহ) করেছে ১৩৭ জন। চশমা পরীক্ষা করা হয়েছে ২৬৮৫ জন। ফ্রি চশমা বিতরণ করা হয়েছে ৪৪২ জনকে। গর্ভবতী মায়ের রেজিস্ট্রেশন, ০৮জন গর্ভবতী মায়ের চেক-আপ, ৬১ জন মায়ের নিরাপদ প্রসব, ১৭৮ জন সিজার-৪৯ জন গর্ভবতী মাকে টিটি টিকা, ৩ জন শিশুকে ইপিআই, ৭৩ জনকে টিকা প্রদান করা হয়েছে এবং ১২৭ জন নবজাতকের রেজিস্ট্রেশন সম্পন্ন করা হয়েছে। |

20.12.2

(মো. মুলতামিস বিল্লাহ)
সহকারী কমিশনার
সাধারণ শাখা
ফোন নং-০২৫৮৯৯৫০০৪৪
ই-মেইল: acgenkurigram@mopa.gov.bd